Daffodil International School
Value, Culture and Innovation

# শ্রেণি - তৃতীয়
# অর্ধ বার্ষিক - ২০২৪
# পদ্য - আমাদের গ্রাম

শিক্ষকের নামঃ ফাতেমা নাবিলা

১। পদ্যটি রিডিং ও আলোচনা। (কবিতা মুখস্ত প্রথম আট লাইন, কবির নাম সহ।)

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।

আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর,থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর। পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই, একসাথে খেলি আর পাঠশালে যাই। হিংসা ও মারামারি কভু নাহি করি, পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি। আমাদের ছোটো গ্রাম মায়ের সমান, আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ। মাঠভরা ধান আর জলভরা দিঘি, চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি। আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন, মিলে মিশে আছে ওরা আত্মীয় হেন।

২। শব্দার্থঃ

ক) সেথা - সেখানে
খ) কভু - কখনো
গ) ডরি - ভয় পাই
ঘ) কিরণ - আলো
ঙ) আত্মীয় - আপনজন
চ) রবি - সূর্য
ছ) বায়ু – বাতাস

৩। বাক্য গঠনঃ

ক) পাঠশালা - রবি ও রানা একসাথে পাঠশালায় যায়।

খ) গুরুজন - গুরুজনকে শ্রদ্ধা করবে।

গ) দিঘি- আমি জল ভরা দিঘি দেখেছি।

ঘ) মিলেমিশে - বন্ধুরা মিলেমিশে থাকব।

ঙ) বাঁশঝাড়- আমাদের গ্রামে বাঁশঝাড় রয়েছে।

৪। প্রশ্নোত্তরঃ

ক) গাঁয়ের ঘর গুলো কেমন?
উঃ গাঁয়ের ঘর গুলো ছোট ছোট।
খ) পাড়ার সব ছেলে একসাথে কী কী করে?
উঃ পাড়ার সব ছেলে একসাথে খেলে ও পাঠশালায় যায়।
গ) জলভরা দিঘি ঝিকিমিকি করে কেন ?
উঃ চাঁদের কিরণ লেগে জলভরা দিঘি ঝিকিমিকি করে।
ঘ) আত্মীয়র মতো মিলেমিশে কারা আছে?
উঃ আমগাছ, জাম গাছ ও বাঁশঝাড় আত্মীয়র মত মিলেমিশে আছে।

৫। সঠিক উত্তর দাওঃ

১। কবি গ্রামকে তুলনা করেছেন -

ক) মায়ের সাথে খ) বাবার সাথে

গ) বোনের সাথে ঘ) ভাইয়ের সাথে

২। কখনো করব না -

ক) খেলাধুলা ও পড়াশোনা খ) শ্রদ্ধা ও সম্মান

গ) হিংসা ও মারামারি ঘ) আদর ও স্নেহ

৩। সোনার রবি ওঠে -

ক) পূর্ব দিকে খ) পশ্চিম দিকে

গ) উত্তর দিকে ঘ) দক্ষিণ দিকে